



ঢাকা ১৭ জুলাই ২০১৮

বশেমুরক্বিতে গবেষণাবিষয়ক কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর । বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরক্বি) দুই দিনব্যাপী ‘গবেষণা পর্যালোচনা’ শীর্ষক কর্মশালা সোমবার শুরু হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান প্রধান অতিথি থেকে কর্মশালার উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ গিয়াস উদ্দীন মিয়াস সভাপতিত্বে গাজীপুরস্থিত বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর তোফায়েল আহমেদ। অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে ছিলেন বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নাথু রাম সরকার। বিশ্ববিদ্যালয়ের গবেষণায় অর্জিত সাফল্য বিষয়ে স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. একেএম আমিনুল ইসলাম, পরিচালক (গবেষণা) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়।